

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-স্বাসবি/ইপ/সাবঅ-১৯/২০০৭(অংশ-১)-২৯০

তারিখ : ৩০ ফাল্গুন, ১৪২২ বঙ্গাব্দ।
১৩ মার্চ, ২০১৬ খ্রিঃ।

বিষয় : রীট পিটিশন নং-১৪৬৮/২০১৬ এর উপর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত আদেশ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণ।


সূত্র : জেলা প্রশাসক, গাইবান্ধা কার্যালয়ের স্মারক নং-১৯৬(৩), তারিখঃ ২৪.০২.২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ শহিদুল ইসলাম শিপন, চেয়ারম্যান, ৬ নং ধাপেরহাট ইউনিয়ন পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা কর্তৃক স্থানীয় সরকার বিভাগের স্থানীয় সরকার বিভাগের ০৪ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখের স্বাসবি/ইপ/সাবঅ-১৯/২০০৭(অংশ-১)-১১২নং স্মারকে জারীকৃত সাময়িক বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রীট পিটিশন নং-১৪৬৮/২০১৬ দায়ের করেন। উক্ত রীট পিটিশনের উপর শুনানীঅন্তে ০৯ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে নিম্নরূপ আদেশ প্রদান করেছেঃ

"pending hearing of the rule, let the operation of the impugned letter vide Memo No. স্বাসবি/ইপ/সাবঅ-১৯/২০০৭(অংশ-১)-১১২, dated: 04.02.2016 issued under the signature by the respondent No.2 suspending the petitioner to function as the Chairman of 6 No. Dhaberhat Union Parishad, Police Station-Sadullahpur, District-Gaibandha (Annexure-D) be stayed for a period of 6 (Six) months from date."

০২. এমতাবস্থায়, রীট পিটিশন নং-১৪৬৮/২০১৬ এর উপর মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত উল্লিখিত আদেশ অনুযায়ী আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে।


(শরীফা আহমেদ)
সিনিয়র সহকারী সচিব
☎ ৯৫৮৬৬০৫
Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক
গাইবান্ধা।

অনুলিপি :

✓ সহকারী প্রোগ্রামার

স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।